আরও বাড়ল স্বর্ণের দাম

দেশের বাজারে আরও বাড়ল স্বর্ণের দাম। এবার সব ধরনের স্বর্ণের দাম ভরিপ্রতি প্রায় দেড় হাজার টাকা পর্যন্ত বাড়ানো হয়েছে। এতে করে ২২ ক্যারেট মানের স্বর্ণ কিনতে এখন দিতে হবে ভরিপ্রতি ৫৪ হাজার ৫২৯ টাকা। ২১ ক্যারেট মানের স্বর্ণের দর দাঁড়ালো ৫২ হাজার ১৯৬ টাকা।

আজ মঙ্গলবার থেকে বাজারে নতুন দর কার্যকর করার কথা জানিয়েছে স্বর্ণ ব্যবসায়ীদের সংগঠন বাংলাদেশ জুয়েলার্স সমিতি (বাজুস)। এ নিয়ে গত চার সপ্তাহেরও কম সময়ের ব্যবধানে তিন দফায় বাড়ানো হলো স্বর্ণের দাম।

এর আগে গত ২৪ জুলাই সর্বশেষ স্বর্ণের দাম বাড়ানো হয়। ওইদিন থেকে প্রতিভরি ২২ ক্যারেট মানের স্বর্ণ ৫৩ হাজার ২৬ টাকা, ২১ ক্যারেট মানের স্বর্ণ ৫১ হাজার ৩০ টাকা, ১৮ ক্যারেট মানের স্বর্ণ ৪৬ হাজার ১৪ টাকা ও সনাতনী স্বর্ণ ২৬ হাজার ৮২৭ টাকায় বিক্রি হচ্ছে।

নতুন দর অনুযায়ী, ১৮ ক্যারেট মানের স্বর্ণের দর ধরা হয়েছে ৪৭ হাজার ১৮০ টাকা। এর আগের কয়েক দফায় সনাতনী স্বর্ণের দর ২৬ হাজার ৮২৭ টাকায় অপরিবর্তিত রাখা হলেও এবার বাড়ানো হয়েছে এক হাজার টাকা। তবে এবারও রূপার দর বাড়ানো হয়নি, বিক্রি হবে আগের মতো ভরিপ্রতি ৯৩৩ টাকায়।

দর বাড়ানোর কারণ হিসেবে সোমবার সংগঠনের এক বিজ্ঞপ্তিতে বলা হয়েছে, আন্তর্জাতিক বাজারে স্বর্ণের দাম গত এক দশকের মধ্যে এখন সর্বোচ্চ। এ ছাড়া দেশি বুলিয়ন বাজারেও দর বেড়েছে। এ দুই কারণে সার্বিক বিবেচনায় দর বাড়ানোর সিদ্ধান্ত নেওয়া হয়েছে।